আলমডাঙ্গায় যাত্রীবাহী বাসের সাথে মুখোমুখি সংঘর্ষে মোটরসাইকেল আরোহীর মৃত্যু

আলমডাঙ্গায় যাত্রীবাহী বাস-মোটরসাইকেল মুখোমুখি সংঘর্ষে আলামিন হোসেন (৫০) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন। আজ মঙ্গলবার দুপুর ২ টার দিকে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা আঞ্চলিক সড়কে নিগার সিদ্দিক ডিগ্রী কলেজের সসন্নিকটে এ দূর্ঘটনা ঘটে।

নিহত আলামিন জেহালা ইউনিয়নের মুন্সিগঞ্জ এলাকার মৃত মিন্টু ইসলামের ছেলে এবং তিনি ১ নম্বর ওয়ার্ডের সাবেক ইউপি ইউপি সদস্য ছিলেন। আহত অবস্থায় তাঁকে পরিবারের সদস্যরা কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করেন। বিকেলে চিকিৎসাধীন অবস্থায় তাঁর মৃত্যু হয়।

স্থানীয়রা জানান, আলামিন মোটরসাইকেল যোগে মুন্সিগঞ্জের নিগার সিদ্দিক কলেজ এলাকার (এডিবি) ব্রিকসে যাচ্ছিলেন। এসময় ট্রাক ওভারটেক করতে গেলে সামনে থেকে আসা একটি যাত্রীবাহী বাসের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে বাসের ধাক্কায় তিনি ছিটকে পড়েন। পরে ওই বাসের চাকার নিচে পড়ে পা পিষ্ট হয়ে শরীর থেকে বিচ্ছিন্ন হয়ে যায়। স্থানীয়রা উদ্ধার করে আলমডাঙ্গার একটি প্রাইভেট ক্লিনিকে নেয়। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে পরিবারের সদস্যরা উন্নত চিকিৎসার জন্য কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করলে বিকেলে চিকিৎসাধীন অবস্থায় আলামিনের মৃত্যু হয় ।

এ বিষয়ে জানতে আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (ওসি) শেখ গনি মিয়া জানান, মুন্সিগঞ্জে সড়ক দুর্ঘটনায় আহত হয়ে চিকিৎসাধীন অবস্থায় একজনের মৃত্যু হয়েছে। তবে কুষ্টিয়ায় মৃত্যু হবার কারণে সেখানেই সুরতহাল রিপোর্ট সংগ্রহ করবে। সংবাদটি লেখাপর্যন্ত কোন অপমৃত্যু মামলা হয়নি বলে জানান ওসি শেখ গণি মিয়া।